# No. 47523

# Switzerland and Bangladesh

**Agreement between the Swiss Confederation and the People's Republic of Bangladesh for the avoidance of double taxation with respect to taxes on income (with protocol). Dhaka, 10 December 2007**

**Entry into force:** *13 December 2009 by the exchange of instruments of ratification, in accordance with article 27*

**Authentic texts:** *Bengali, English and German*

**Registration with the Secretariat of the United Nations:** *Switzerland, 21 May 2010*

# Suisse et Bangladesh

**Accord entre la Confédération suisse et la République populaire du Bangladesh en vue d'éviter les doubles impositions en matière d'impôts sur le revenu (avec protocole). Dhaka, 10 décembre 2007**

**Entrée en vigueur :** *13 décembre 2009 par échange des instruments de ratification, conformément à l'article 27*

**Textes authentiques :** *bengali, anglais et allemand*

**Enregistrement auprès du Secrétariat des Nations Unies :** *Suisse, 21 mai 2010*

[ BENGALI TEXT – TEXTE BENGALI ]

# সুইস কনফেডারেশন

# এবং

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

# এর মধ্যে

## আয়করের উপর দ্বৈত করারোপণ পরিহার সংক্রান্ত চুক্তি

আয়করের উপর দ্বৈত করারোপণ পরিহার সংক্রান্ত চুক্তি সম্পাদনের অভিপ্রায়ে দি সুইস ফেডারেল কাউন্সিল এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,

নিম্নরূপ সম্মত হইলেন ঃ

অনুচ্ছেদ-১
**চুক্তির আওতাভুক্ত ব্যক্তিবর্গ**

চুক্তি সম্পাদনকারী এক অথবা উভয় রাষ্ট্রের নিবাসী ব্যক্তিদের প্রতি এই চুক্তি প্রযোজ্য হইবে।

**অনুচ্ছেদ-২**
**চুক্তির আওতাধীন করসমূহ**

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র অথবা উহার রাজনৈতিক বিভাগসমূহ অথবা স্থানীয় কর্তৃপক্ষের আরোপিত আয়করের ক্ষেত্রে, উহা যেভাবেই ধার্যকৃত হউক না কেন, এই চুক্তি প্রযোজ্য হইবে।

২। আয়কর বলিতে মোট আয় অথবা স্থাবর ও অস্থাবর সম্পত্তি হস্তান্তর হইতে উদ্ভূত আয়সহ আয়ের যে কোন অংশের উপর আরোপিত করকে বুঝাইবে ।

৩। এই চুক্তি যে সকল করের ক্ষেত্রে প্রযোজ্য সেইগুলি নিম্নরূপ, যথা-

(ক) বাংলাদেশের ক্ষেত্রে ঃ
আয়কর, অতঃপর "বাংলাদেশ কর" বলিয়া উল্লিখিত।

(খ) সুইজারল্যান্ডের ক্ষেত্রে ঃ
আয় (মোট আয়, অর্জিত আয়, মূলধন হইতে আয়, শিল্প ও বাণিজ্য হইতে মুনাফা, মূলধনী লাভ এবং আয়ের অন্যান্য উপাদান) এর উপর ফেডারেল, ক্যানটোনাল এবং কম্যুনাল কর, অতঃপর "সুইস কর" বলিয়া উল্লিখিত।

৪। চুক্তি স্বাক্ষরিত হওয়ার পর বিদ্যমান কর সমূহের অতিরিক্ত কিংবা উহাদের পরিবর্তে আরোপিত কোন অভিন্ন বা মূলতঃ একই ধরণের কর সমূহের ক্ষেত্রেও এই চুক্তি প্রযোজ্য হইবে। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের উপযুক্ত কর্তৃপক্ষগণ তাঁহাদের নিজ নিজ কর আইনে আনীত গুরুত্বপূর্ণ পরিবর্তন সম্পর্কে পরস্পরকে অবহিত করিবেন।

**অনুচ্ছেদ-৩**
**সাধারণ সংজ্ঞাসমূহ**

১। প্রসংগের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, এই চুক্তির উদ্দেশ্যে ঃ

(ক) "বাংলাদেশ" বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশকে বুঝাইবে;

(খ) "সুইজারল্যান্ড" বলিতে সুইস কনফেডারেশনকে বুঝাইবে;

(গ) "চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র" এবং "চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র" এর অর্থ প্রসংগ অনুযায়ী বাংলাদেশ অথবা সুইজারল্যান্ড;

(ঘ) "ব্যক্তি" বলিতে কোন একক ব্যক্তি, কোম্পানী এবং অন্য কোন ব্যক্তিবর্গ অন্তর্ভূক্ত হইবে;

(ঙ) "কোম্পানী" বলিতে সংবিধিবদ্ধ কোন সংস্থা অথবা করারোপণের উদ্দেশ্যে সংস্থারূপে গণ্য অন্য কোন সত্তাকে হইবে;

(চ) "চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের উদ্যোগ" এবং "চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের উদ্যোগ" বলিতে যথাক্রমে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসী কর্তৃক পরিচালিত উদ্যোগ এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসী কর্তৃক পরিচালিত উদ্যোগকে বুঝাইবে;

(ছ) "উপযুক্ত কর্তৃপক্ষ" এর অর্থ ঃ

১। বাংলাদেশের ক্ষেত্রে, জাতীয় রাজস্ব বোর্ড বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত প্রতিনিধি;

২। সুইজারল্যান্ডের ক্ষেত্রে, ফেডারেল ট্যাক্স এ্যাডমিনিস্ট্রেশন এর পরিচালক অথবা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত প্রতিনিধি;

(জ) "নাগরিক" অর্থ ঃ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নাগরিকত্বধারী যে কোন ব্যক্তি;

২। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে বলবৎ আইন বলে অর্জিত মর্যাদা সম্পন্ন যে কোন আইনানুগ ব্যক্তি, অংশীদারিত্ব ও সংঘ;

(ঝ) "আন্তর্জাতিক পরিবহন ব্যবস্থা" বলিতে কোন উদ্যোগ কর্তৃক পরিচালিত কোন নৌপরিবহন অথবা বিমান পরিবহনকে বুঝাইবে যাহার কার্যকর ব্যবস্থাপনার স্থান চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রে অবস্থিত, তবে কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের বিভিন্ন স্থানের মধ্যে পরিচালিত নৌ-পরিবহন অথবা বিমান পরিবহনকে বুঝাইবে না;

২। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র কর্তৃক এই চুক্তি প্রয়োগের ক্ষেত্রে, প্রসংগের প্রয়োজনে অন্যরূপ না হইলে এই চুক্তিতে যে শব্দের কোন সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই শব্দ উক্ত রাষ্ট্রের কর আইন অনুযায়ী এই চুক্তির ক্ষেত্রে প্রযোজ্য অর্থ বহন করবে এবং রাষ্ট্রে বিদ্যমান কর আইন অনুসারে কোন শব্দের অর্থ রাষ্ট্রের অন্য কোন আইনে প্রদত্ত অর্থের উপর বলবৎ থাকিবে।

**অনুচ্ছেদ ৪**
**নিবাসী**

১। এই চুক্তির উদ্দেশ্যে "চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী" বলিতে এইরূপ কোন ব্যক্তি বুঝাইবে যিনি সেই রাষ্ট্রের আইন অনুযায়ী তাহার বাসস্থান, আবাস ভূমি, ব্যবস্থাপনার স্থান অথবা অনুরূপ প্রকৃতির অন্য কোন নীতির কারণে উক্ত রাষ্ট্র বা ইহার ভৌগলিক বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষের দ্বারা করারোপনযোগ্য। তবে, এই শব্দ গুচ্ছের অর্থের মধ্যে কোন ব্যক্তি যিনি শুধুমাত্র সেই রাষ্ট্রের উৎসসমূহ হইতে আয়ের উপর সেই রাষ্ট্রে করযোগ্য অন্তর্ভূক্ত হইবেন না।

২। যে ক্ষেত্রে এই অনুচ্ছেদের দফা ১ এর বিধানাবলীর কারণে কোন একক ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হন, সেই ক্ষেত্রে নিম্নলিখিতভাবে তাঁহার মর্যাদা নির্ধারিত হইবেঃ

(ক) চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে তাহার নিজের ব্যবহারের জন্য স্থায়ী বাড়ী রহিয়াছে তিনি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন, যদি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তাঁহার নিজের ব্যবহারের জন্য স্থায়ী বাড়ী থাকে তাহা হইলে চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের সহিত তাঁহার ব্যক্তিগত ও অর্থনৈতিক সম্পর্ক (অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের কেন্দ্র) ঘনিষ্ঠতর তিনি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন।

(খ) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে তাহার অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের উৎস রহিয়াছে তাহা নির্ণয় করা সম্ভব না হইলে অথবা চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রেই তাঁহার নিজের ব্যবহারের জন্য স্থায়ী বাড়ী না থাকিলে, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে সচরাচর বসবাস করিয়া থাকেন তিনি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন ।

(গ) যদি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তিনি সচরাচর বসবাস করেন অথবা উহাদের কোনটিতেই যদি তিনি বসবাস না করেন, তাহা হইলে তিনি চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নাগরিক সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন।

(ঘ) যদি তিনি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নাগরিক হন অথবা উহাদের কোনটিরই নাগরিক না হন, তাহা হইলে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের উপযুক্ত কর্তৃপক্ষগণ পারস্পরিক সম্মতিক্রমে বিষয়টির মীমাংসা করিবেন।

৩। যে ক্ষেত্রে দফা ১ এর বিধাণাবলীর কারণে, একক ব্যক্তি ব্যতীত কোন ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হন, সেই ক্ষেত্রে উক্ত ব্যক্তি সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন যে রাষ্ট্রে তাহার কার্যকরী ব্যবস্থাপনার ক্ষেত্র অবস্থিত।

অনুচ্ছেদ ৫
স্থায়ী প্রতিষ্ঠান

১। এই চুক্তির উদ্দেশ্যসমূহ পূরণকল্পে "স্থায়ী প্রতিষ্ঠান" বলিতে ব্যবসার সেইরূপ নির্দিষ্ট স্থানকে বুঝাইবে যে স্থানে উক্ত উদ্যোগের কারবার সামগ্রিকভাবে বা আংশিকভাবে পরিচালিত হয়।

২। "স্থায়ী প্রতিষ্ঠান" বলিতে বিশেষভাবে নিম্নলিখিতগুলি ইহার অন্তর্ভূক্ত হইবে ঃ
(ক) ব্যবস্থাপনার স্থান;
(খ) শাখা;
(গ) অফিস;
(ঘ) কারখানা;
(ঙ) কর্ম-শিবির;
(চ) পণ্যাগার, যাহা অন্যদের মালামাল গুদামজাত করার সুবিধার্থে ব্যবহার করিতে দেওয়া হয়;এবং
(ছ) খনি, তৈল অথবা গ্যাসকূপ, ভূগর্ভস্থ খাদ অথবা প্রাকৃতিক সম্পদ আহরণের জন্য অন্য কোন স্থান।

৩। অট্টালিকা নির্মাণ স্থান বা নির্মাণ, স্থাপন বা সংযোজন প্রকল্প স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে গন্য হইবে যদি ইহা ১৮৩ দিনের অধিককাল ধরিয়া চলিতে থাকে;

৪। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলী সত্বেও নিম্নবর্ণিত বিষয়সমূহ "স্থায়ী প্রতিষ্ঠান" এর অন্তর্ভূক্ত হইবে না ঃ
(ক) উদ্যোগের মালিকানাধীন দ্রব্য বা পণ্যসামগ্রী শুধুমাত্র গুদামজাতকরণ, প্রদর্শন বা সরবরাহের উদ্দেশ্যে সুবিধাদির ব্যবহার;
(খ) কেবলমাত্র মওজুদকরন,প্রদর্শন বা সরবরাহের উদ্দেশ্যে উদ্যোগের মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্য সামগ্রী সংরক্ষন;
(গ) উদ্যোগের মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্যসামগ্রী কেবলমাত্র অন্য কোন উদ্যোগ কর্তৃক প্রক্রিয়াজাতকরণের জন্য রক্ষণাবেক্ষণ;
(ঘ) উদ্যোগের জন্য কেবলমাত্র দ্রব্য বা পণ্য সামগ্রী ক্রয় করার উদ্দেশ্যে কিংবা তথ্য সংগ্রহের নিমিত্তে ব্যবসার নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ;
(ঙ) বিজ্ঞাপন কার্যক্রম,তথ্য সরবরাহ, বৈজ্ঞানিক গবেষণা অথবা প্রস্তুতিমূলক বা সহায়ক ধরনের এরূপ অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য ব্যবসার নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ;
(চ) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের উৎপাদিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ সরবরাহের জন্য চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উক্ত উদ্যেগ কর্তৃক পরিচালিত কোন স্থাপন বা সংযোজন প্রকল্প;
(ছ) উপ দফা (ক) হইতে (চ)তে বর্ণিত কার্যক্রমের যে কোন রকমের একত্রিত কার্যক্রমের জন্য ব্যবসার নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ, তবে শর্ত থাকে যে একত্রিত কার্যক্রমের ফলে ব্যবসার নির্দিষ্ট স্থানের সার্বিক কার্যক্রম যেন প্রস্তুতিমূলক অথবা সহায়ক ধরনের হয়।

৫। দফা ১ এবং ২ এ যাহাই বর্ণিত থাকুক না কেন, যে ক্ষেত্রে কোন ব্যক্তি -স্বতন্ত্র মর্যাদা সম্পন্ন কোন এজেন্ট যাহার প্রতি দফা ৬ প্রযোজ্য ব্যতিত-কোন উদ্যোগের পক্ষে কাজ করেন এবং চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে উক্ত উদ্যোগের নামে চুক্তি সম্পাদনের অধিকার রাখেন এবং তাহা অভ্যাসগতভাবে ব্যবহার করেন, সেই ক্ষেত্রে উক্ত ব্যক্তি উদ্যোগটির জন্য যে সকল কার্যক্রম সম্পাদন করেন তজ্জন্য চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্রে উদ্যোগটির একটি স্থায়ী প্রতিষ্ঠান আছে বলিয়া গণ্য হইবে, যদি না ঐ ব্যক্তির কার্যক্রম দফা ৪ এ উল্লিখিত কার্যক্রমসমূহের মধ্যে সীমাবদ্ধ থাকে, যদি সে কার্যক্রম ব্যবসার নির্দিষ্ট স্থানের মাধ্যমে পরিচালিত হয় তবে ব্যবসার এই নির্দিষ্ট স্থান ঐ দফার বিধানাবলীর মাধ্যমে স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হইবে না।